
সংবাদ

2-6 MAY 2007



ত্রিশাল (ময়মনসিংহ) : নামাপাড়া শুকনী বিলের পাড়ে নব প্রতিষ্ঠিত কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের কলা ভবন -সংবাদ

# নজরুল বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হচ্ছে কবির জন্ম মাসে


রেজাউল করিম বাদল, ত্রিশাল (ময়মনসিংহ)

ময়মনসিংহের ত্রিশালে নব প্রতিষ্ঠিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরুর মাধ্যমে আনুষ্ঠানিক যাত্রা শুরু হতে যাচ্ছে কবির জন্ম মাস, জ্যৈষ্ঠ মাসে। সে লক্ষ্যে প্রায় সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। ২০০৬ সালে কবি কাজী নজরুল ইসলামের ১০৭তম জন্মদিনে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া বিশ্ববিদ্যালয়টির উদ্বোধন করেন। এরই মধ্যে প্রশাসনিক ভবনে অফিস করতে শুরু করেছেন বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব প্রাপ্ত প্রথম ভিসি প্রফেসর ড. শামছুর রহমান। তিনি এর আগে এ বিশ্ববিদ্যালয়ের প্রকল্প পরিচালকের

ত্রিশাল

দায়িত্ব পালন করেন। সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয় হিসেবে পরিচিতি লাভ করবে বলে এটি হবে দেশের প্রথম সাংস্কৃতিক চর্চার বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ে সাধারণ শিক্ষার পাশাপাশি বিজ্ঞান, কম্পিউটার শিক্ষাসহ দেশীয় সাংস্কৃতির সুষ্ঠু বিকাশে সাহিত্য প্রতিভা ও মেধা অনুশীলনের মাধ্যমে সাংস্কৃতিক ব্যক্তিত্ব গড়ে তোলা হবে। ১৯৯০ সালে নজরুল বিশ্ববিদ্যালয়ের যৌক্তিকতা তুলে ধরে প্রথম স্থানীয় পত্রিকা আহ্বানে রিপোর্ট করেন সাংবাদিক মোখলেছুর রহমান সবুজ। পরে বেসরকারি উদ্যোগে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয় বৃহত্তর ময়মনসিংহ সাংস্কৃতিক ফোরাম।

তাদের আহ্বানে সাড়া দিয়ে ত্রিশালে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ১০ একর জমি বিনামূল্যে দান করে। শুরু হয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কার্যক্রম। কিন্তু সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে আবার কার্যক্রম ঝিমিয়ে পড়ে। ২০০৪ সালে বিএনপি সরকার সরকারিভাবে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য একনেক সভায় অনুমোদন দেয়। ২০০৫-২০০৬ সালে ৬ কোটি টাকা ব্যয়ে প্রশাসনিক ভবন ২টি একাডেমীক ভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়। ভিসি শামছুর রহমান জানান, এরই মধ্যে ছাত্রছাত্রীদের আবাসিক হোস্টেল তৈরি সম্পন্ন হয়েছে। শিক্ষক-কর্মকর্তাদের ২টি ডরমেট, অভ্যন্তরীণ ভূমি ও সড়ক উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ, গ্যাস, পানি ও বিদ্যুৎ সাব স্টেশন ও সেন্ট্রাল ক্যাটরিয়া নির্মাণ করা হবে। বর্তমানে বাংলা, ইংরেজি, সঙ্গীত, কম্পিউটার এ ৪টি বিভাগে ২০০ ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় চূড়ান্ত হয়েছে।



ত্রিশাল (ময়মনসিংহ) : নজরুল মঞ্চ। প্রতিবছর এখানেই পালন করা হয় নজরুল জন্মজয়ন্তী। এটি দরিরামপুর হাইস্কুলের সামনে অবস্থিত -সংবাদ